তারিখ JUN 2 1999
পৃষ্ঠা ৬ কলাম ৭

দৈনিক ইনকিলাব

160

# টাঙ্গাইলের চরাঞ্চলে প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক স্বল্পতার কারণে ছাত্রদের লেখাপড়া বিঘ্নিত

**টাঙ্গাইল জেলা সংবাদদাতা ঃ** শিক্ষক স্বল্পতায় টাঙ্গাইলের চরাঞ্চলের প্রাথমিক বিদ্যালয়গুলোতে প্রাথমিক শিক্ষা মারাত্মকভাবে ব্যাহত হচ্ছে। সূত্রে জানা গেছে, টাঙ্গাইলের চরাঞ্চলের হুগড়া ও কাতলী ইউনিয়নে অনুন্নত যোগাযোগ ব্যবস্থার কারণে সরকারী প্রাথমিক বিদ্যালয়গুলোতে অনেক শিক্ষক তদবিরের মাধ্যমে অন্যত্র বদলি হয়ে যাবার কারণে এই অবস্থার সৃষ্টি হয়েছে। ফলে চরাঞ্চলের এই দু'টি ইউনিয়নে সরকারী প্রাথমিক বিদ্যালয়গুলোতে লেখাপড়া মারাত্মকভাবে বিঘ্নিত হচ্ছে।

চরাঞ্চলের এই দুটি ইউনিয়নে সরকারী প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা ১৩টি। মোট ছাত্রছাত্রী ৫ হাজার ৮শ' ২৫ জন। এই বিপুলসংখ্যক ছাত্রছাত্রীর বিপরীতে শিক্ষক মাত্র ৪৭ জন বলে জানা গেছে।

টাঙ্গাইল থানা শিক্ষা অফিসের একটি দায়িত্বশীল সূত্র জানায়, ছাত্রছাত্রীর তুলনায় শিক্ষকের স্বল্পতা এ থানায় আর অন্যত্র কোথাও নেই।

এদিকে প্রতিবছর যমুনার প্রবল ভাঙনে এই দু'টি ইউনিয়নের প্রাথমিক বিদ্যালয়গুলো নদীগর্ভে বিলীন হয়ে যাচ্ছে। যার দরুন টাঙ্গাইলের চরাঞ্চলের যমুনা ভাঙনকবলিত এই দু'টি ইউনিয়নের সরকারী প্রাথমিক শিক্ষা ব্যবস্থায় বর্তমানে মারাত্মক বিপর্যয় দেখা দিয়েছে। যমুনার ভাঙন টাঙ্গাইলের চরাঞ্চলকে শুধু আর্থিকভাবেই ক্ষতিগ্রস্ত করছে না, বর্তমানে তা চরাঞ্চলের সরকারী প্রাথমিক শিক্ষা ব্যবস্থাকেও হুমকির সম্মুখীন করে তুলেছে।